

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.১৮.০৫৭.১৯- ৪২৬

তারিখঃ ২৫.০৪.২০১৯খ্রি।

“অফিস আদেশ”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৪ মে, ২০১৯খ্রি. (শনিবার) সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে নূন্যতম ০৬ (ছয়) বছর যাবৎ কর্মরত উপ সহকারী প্রকৌশলী (সিভিল ও ই/এম)-গণের একটি পেশাগত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার মানবন্টন ও সিলেবাস অতিসঙ্কর বিজ্ঞপ্তি আকারে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

উপরোল্লিখিত পেশাগত লিখিত পরীক্ষা গ্রহণের জন্য নিম্নবর্ণিতভাবে একটি “উপ-সহকারী প্রকৌশলীদের মেধাক্রম প্রণয়ন কমিটি” নির্দেশক্রমে গঠন করা হলঃ

- (ক) দেওয়ান মাউদুদুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবহন, নকশা ও বিশেষ প্রকল্প) - আহবায়ক
(খ) মোঃ মিরাজ হোসেন, নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন - সদস্য
(গ) আব্দুল্লাহ-হিল-বাকী, উপ বিভাগীয় প্রকৌশলী, উপবিভাগ-১, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ - সদস্য
- গঠিত কমিটি নিম্নবর্ণিত কর্মপরিস্থিতে কার্যক্রম সম্পন্ন করবেঃ

- (১) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে নূন্যতম ০৬ (ছয়) বছর যাবৎ কর্মরত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ও ই/এম) -দের মধ্য হতে মেধাক্রমটি প্রস্তুত করবে; এক্ষেত্রে উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) নূন্যতম ০৬ (ছয়) বছর যাবৎ কর্মরত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ও ই/এম) -এর তালিকা কমিটিকে সরবরাহ করবেন।
- (২) সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ও ই/এম) -এর বার্ষিক গোপনীয় অনুবেদনের গড় নম্বর, চাকুরীকাল এবং পেশাগত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সমন্বয়ে প্রস্তুতকৃত মেধাক্রম প্রণয়ন করবে; এক্ষেত্রে মোট ১০০ নম্বরের বিভাজন হতে পারেঃ বার্ষিক গোপনীয় অনুবেদনের গড় মূল্যায়ন (পূর্ণমান ৪০ নম্বর), চাকুরীকাল (পূর্ণমান ২০ নম্বর) এবং পেশাগত পরীক্ষা (পূর্ণমান ৪০ নম্বর)। উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী (সিভিল ও ই/এম) -এর বার্ষিক গোপনীয় অনুবেদনের নম্বর ও চাকুরীকালের তথ্য কমিটিকে সরবরাহ করবেন।
- (৩) কমিটি নির্ধারিত মানবন্টন ও সিলেবাসের আলোকে প্রশ্ন প্রণয়ন করে আগামী ০৪ মে, ২০১৯খ্রি. (শনিবার) সকাল ১০.০০ ঘটিকায় লিখিত পরীক্ষা গ্রহণ করবেন; জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রশাসন ও অর্থ উইং হতে লিখিত পরীক্ষার মানবন্টন ও সিলেবাস বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে এবং পরীক্ষা গ্রহণের জন্য প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা হবে।
- (৪) গঠিত কমিটি পেশাগত লিখিত পরীক্ষার ফলাফল, মূল্যায়নকৃত উত্তরপত্র ও প্রস্তুতকৃত মেধাক্রম সীলমোহরকৃত অবস্থায় চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর নিকট পরবর্তী কার্যক্রমের জন্য দ্রুততার সাথে হস্তান্তর করবে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে নূন্যতম ০৬ (ছয়) বছর যাবৎ কর্মরত সকল উপ-সহকারী প্রকৌশলীকে আবশ্যিকভাবে যথাসময়ে পেশাগত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল; অনুপস্থিত উপ-সহকারী প্রকৌশলীকে পরীক্ষায় অকৃতকার্য হিসেবে গণ্য করা হবে।


২৫/৪/১৯

(মোঃ মুশফিকুল ইসলাম)
উপ পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ০২ ৯৫৭৬৫১৮
ই-মেইলঃ dd_at@nha.gov.bd